গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

পার্বত্য মেলা-২০২৪ আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: মশিউর রহমান এনডিসি
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

সভার স্থান : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভার তারিখ ও সময় : ২১/০১/২০২৪ খ্রিঃ; বেলা ১০.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) বলেন, পূর্বের ধারাবাহিকতায় পার্বত্য মেলা-২০২৪ এর আয়োজনের লক্ষ্যে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
০১।	**পার্বত্য মেলার আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ এবং উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান আয়োজন:** পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে পার্বত্য অঞ্চলের কৃষ্টি সংস্কৃতি ও বিশেষায়িত পণ্যের প্রচার ও প্রসারের উদ্দেশ্য নিয়ে আগামী ১৪ ফেব্রুয়ারি, ২০২৪ হতে ১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় মেলা আয়োজন এর বিষয়ে আলোচনা হয়। মেলার মূল উপকরণ হবে তিন পার্বত্য এলাকায় উৎপাদিত পণ্য, কুটির শিল্প, ঐ এলাকার খাবার, পোশাক ইত্যাদি। মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীসহ বিশেষ অতিথিবৃন্দের আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি, বিশেষ অতিথিগণকে অভ্যর্থনা জ্ঞাপনের বিষয়ে আলোচনা হয়।	ক) আগামী ১৪-১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় ০৪ (চার) দিনব্যাপী পার্বত্য মেলা-২০২৪ আয়োজন করা হবে এবং অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটির সদস্যগণ শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র পরিদর্শন করে অনুষ্ঠান ব্যবস্থাপনা ও স্টল সংখ্যা নির্ধারণের বিষয়ে মতামত প্রদান করবেন।	ক) অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটি
		খ) মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাক্রমে সচিব মহোদয় নির্ধারণ করবেন।	খ) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
		গ) উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহকে দাওয়াত দিতে হবে। দাওয়াত পত্র তৈরি করে তা সকল অতিথির নিকট যথাসময়ে পৌঁছাতে হবে।	গ) আমন্ত্রণপত্র তৈরি, আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা তৈরি ও বিতরণ এবং প্রচার উপকমিটি
		ঘ)) উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে ফুল ও উত্তরীয় দিয়ে বরণ করতে হবে। পায়রা ও বেলুন উড়িয়ে মেলার শুভ উদ্বোধন করা হবে। উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানের দিন আগত অতিথিবৃন্দের স্টল পরির্শনের ব্যবস্থা রাখা হবে। মেলার উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের ধারা বর্ণনা মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হবে।	ঘ) অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটি
		ঙ) মেলায় অংশগ্রহণ করার লক্ষ্যে তিন পার্বত্য জেলার উৎপন্ন সামগ্রী আগে থেকে সংগ্রহের ব্যবস্থা করে রাখার জন্য তিন পার্বত্য জেলা পরিষদ ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে পত্র প্রেরণ করতে হবে।	ঙ) সিনি. সহ. সচিব (প্র:-১)

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
		চ) প্রতিটি স্টলের ভাড়া ব্যক্তি পর্যায়ে ৭৫০০/-(সাত হাজার পাচঁশত) টাকা এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ১৫,০০০/-(পনের হাজার) টাকা নির্ধারণ করা হলো। তবে অর্থ সহায়তাকারী উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানকে বিনা ভাড়ায় ১টি স্টল প্রদান করা হবে এবং একাধিক স্টল চাইলে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে। বরাদ্দ গ্রহীতাদের/ প্রতিষ্ঠানকে মেলার স্টল হস্তান্তরের নিমিত্ত নির্দিষ্ট শর্ত সাপেক্ষে পত্র প্রেরণ করতে হবে এবং বরাদ্দ গ্রহীতা তার স্টল নিজ খরচে সজ্জিত করবেন।	চ) অনুষ্ঠান আয়োজন, স্টল নি[illegible] ও বরাদ্দ উপকমিটি
		ছ) অনুষ্ঠান আয়োজন স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটির সদস্যবৃন্দের মতামতের প্রেক্ষিতে স্টল বরাদ্দের বিষয়ে মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং আগ্রহী প্রতিষ্ঠানকে স্টলের পরিমাণ/সংখ্যা নির্ধারণপূর্বক জানিয়ে দিতে হবে।	ছ) অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটি
		জ) মেলা চলাকালীন দিবসসমূহের অনুষ্ঠানে আমন্ত্রিত প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য অতিথিবর্গকে যথাযথভাবে অভ্যর্থনা জ্ঞাপন ও আপ্যায়নসহ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে।	জ) অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটি
		ঝ) বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা উপকমিটি পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত বাজেট প্রস্তুত করবেন।	ঝ) বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা উপকমিটি
০২।	**মেলায় সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা করা:** মেলায় সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা হয়। পুলিশের একটি মোবাইল টিম সার্বক্ষণিক নিরাপত্তায় নিয়োজিত রাখার জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশকে পত্র দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়া মেলা প্রাঙ্গন ও আশে পাশে মেলা চলাকালীন প্রয়োজনীয় মহিলা পুলিশ মোতায়েনের জন্যও পত্র দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	মেলার আয়োজন উপলক্ষ্যে এবং এর আগে মঞ্চ সজ্জা, স্টল নির্মাণ এবং অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের আনীত পণ্য সামগ্রী মজুদ রাখার স্বার্থে মেলাপ্রাঙ্গন, মেলা স্টলের আশে-পাশে টহল এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ/মহিলা পুলিশ ফোর্স নিয়োগের জন্য পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ পত্র প্রেরণ এবং একটি অনুলিপি উপ পুলিশ কমিশনার, রমনা জোন বরাবর প্রেরণ করতে হবে।	সিনি. সহ. সচিব (প্র:-১)
০৩।	**সাংস্কৃতিক অনুষ্ঠান:** মেলায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা হতে শিল্পী আনা-নেয়া এবং তাদের থাকা-খাওয়ার বিষয়ে আলোচনা হয়। ০৪ (চার) দিন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ১ম দিন রাঙ্গামাটি, ২য় দিন খাগড়াছড়ি, ৩য় দিন বান্দরবান এবং ৪র্থ দিন রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা সম্মিলিতভবে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) ০৪ (চার) দিনব্যাপী মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে শিল্পী আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ বরাবর পত্র প্রেরণ করতে হবে।	ক) সিনি. সহ. সচিব (প্র:-১)
		খ) ১ম দিন রাঙ্গামাটি, ২য় দিন খাগড়াছড়ি, ৩য় দিন বান্দরবান এবং ৪র্থ দিন রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা সম্মিলিতভবে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।	খ) পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান।
		গ) তিন পার্বত্য জেলার শিল্পী একসাথে না এনে সিডিউল করে সে অনুযায়ী শিল্পী ঢাকায় আনা, আবাসনের ব্যবস্থা করা, সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে আগে আসলে আগে যাবে ভিত্তিতে তাঁদের পাঠানোর ব্যবস্থা করতে হবে। এ সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনাসহ সকল ব্যয় তিন পার্বত্য জেলা পরিষদ নির্বাহ করবেন।	গ) পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
০৪।	**অর্থ সংস্থান ও ব্যয় নির্বাহ :** মেলার খরচ নির্বাহের বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। কিভাবে এবং কোন কোন খাত হতে অর্থ সংস্থান করা হবে এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান কি পরিমাণ অনুদান প্রদান করবে এবং মেলা উপলক্ষে ক্রয়/সংগ্রহ কার্যক্রম কি প্রক্রিয়ায় হবে সে বিষয়ে আলোচনা হয়।	(ক) এফএও সেরা স্টলের জন্য ৩টি পুরস্কার প্রদান করবেন মর্মে জানান। (খ) মেলার সার্বিক ব্যয় নির্বাহের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা পরিষদ প্রত্যেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করবেন। (গ) অর্থ প্রদানকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত ব্যাংক হিসাবে অর্থ প্রদান করতে হবে। **হিসাবের নাম**- যুগ্ম সচিব (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **চলতি হিসাব নম্বর**- ৩৩০৩৫৫৮৮, **ব্যাংক**-সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকা। (ঘ) মেলার যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পিপিআর/২০০৮ এর ৭৬(১) এর (ট) বিধি মোতাবেক সরাসরি চুক্তি (direct contracting) এর প্রয়োগে অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় (যথা অনুষ্ঠান ব্যবস্থাপনা) অনুন্নয়ন বাজেট হতে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের "পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আধুনিকায়ন ও কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক স্কীম হতে ব্যয় নির্বাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) FAO Country Representative in Bangladesh; খ) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এবং চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান। গ) যুগ্মসচিব (প্রশাসন) উপসচিব (বাজেট/প্র-২) ঙ) উপসচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, "পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আধুনিকায়ন ও কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক স্কীম
০৫।	**মেলার সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার ব্যবস্থা সুচারুভাবে সম্পন্নকরণ:** মেলার সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার ব্যবস্থা সুচারুভাবে সম্পন্ন করার জন্য পুলিশ কমিশনার, ঢাকা; নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-২,পূর্ত ভবন, সেগুনবাগিচা; প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল; ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার; মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ফুলবাড়িয়া; নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-৫,পূর্ত ভবন, সেগুনবাগিচা; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), নগর ভবন; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর); কমান্ডিং অফিসার, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-৩, ঢাকা এবং সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে পত্র প্রেরণ এবং মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের বাবভবনের নিরাপত্তার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) মেলার আয়োজন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের জন্য পুলিশ কমিশনার, ঢাকা; নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-২,পূর্ত ভবন, সেগুনবাগিচা; প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল; ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার; মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ফুলবাড়িয়া; নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-৫, পূর্ত ভবন, সেগুনবাগিচা; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), নগর ভবন; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর); কমান্ডিং অফিসার, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-৩, ঢাকা এবং সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকাসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। খ) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের বাসভবন ও এর সম্মুখভাগে নিরাপত্তা বেস্টনি স্থাপনের ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন); যুগ্মসচিব (প্রশাসন); পরিচালক (শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র) এবং সিনি. সহ. সচিব (প্র:-১)

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব/বাস্তবায়নকারী
০৬।	**মেলার পণ্য ঢাকায় আনা-নেয়া এবং মেলা চলাকালীন ভলান্টিয়ার নিয়োগ:** মেলায় আগত তিন পার্বত্য জেলার বিভিন্ন পণ্য সঠিকভাবে ঢাকায় আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা এবং সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনসহ সহযোগী দপ্তরসমূহে পত্র প্রেরণ এবং মেলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ভলান্টিয়ার নিয়োগ করার বিষয়ে আলোচনা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন পার্বত্য জেলা পরিষদ হতে আগত শিল্পীদের নিরাপত্তার জন্য তিন পার্বত্য জেলা পরিষদ হতে অতিরিক্ত সদস্য মনোনয়ন প্রদান এবং প্রয়োজনে মহিলা পুলিশ বাহিনী অন্তর্ভুক্ত করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।	মেলা উপলক্ষ্যে তিন পার্বত্য জেলার বিভিন্ন পণ্য সঠিকভাবে ঢাকায় আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনসহ সহযোগী দপ্তরসমূহসহ হাইওয়ে পুলিশকেও পত্র প্রেরণ করতে হবে। মেলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ভলান্টিয়ার নিয়োগ করতে হবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন পার্বত্য জেলা পরিষদ হতে আগত শিল্পীদের নিরাপত্তার জন্য তিন পার্বত্য জেলা পরিষদ হতে অতিরিক্ত সদস্য মনোনয়ন প্রদান এবং প্রয়োজনে মহিলা পুলিশ বাহিনী অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত আইন-শৃঙ্খলা রক্ষা উপকমিটি বিষয়গুলো তদারকি করবে।	যুগ্মসচিব (প্রশাসন); সিনি. সহ. সচিব (প্র:-১) মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিন পার্বত্য জেলা পরিষদ এবং আইন-শৃঙ্খলা রক্ষা উপকমিটির সদস্যবৃন্দ
০৭।	**কমিটি গঠন:** পার্বত্য মেলা সুন্দর ও সুষ্ঠুভাবে উদযাপনের জন্য সার্বিক ব্যবস্থাপনা কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনা শেষে ০৮ (আট)টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ **(১) সার্বিক ব্যবস্থাপনা কমিটিঃ** • মাননীয় প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় - উপদেষ্টা • সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় - সভাপতি • অতিরিক্ত সচিব (প্রশাসন) - সদস্য • অতিরিক্ত সচিব (উন্নয়ন) - সদস্য • অতিরিক্ত সচিব (সমন্বয়) - সদস্য • অতিরিক্ত সচিব (পরিষদ) - সদস্য • যুগ্মসচিব (উন্নয়ন) - সদস্য • যুগ্মসচিব (পরিষদ) - সদস্য • উপসচিব (সমন্বয়-১) - সদস্য • উপসচিব (পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র) - সদস্য • উপসচিব (বাজেট/প্রশাসন-২) - সদস্য • উপসচিব (পরিকল্পনা-১) - সদস্য • উপসচিব (পরিকল্পনা-২) - সদস্য • উপসচিব (পরিষদ-২) - সদস্য • উপসচিব (উন্নয়ন) - সদস্য • উপসচিব (আইন) - সদস্য • সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-২) - সদস্য • সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১) - সদস্য • সহকারী সচিব [গবেষণা কর্মকর্তার দায়িত্বে] - সদস্য • জনসংযোগ কর্মকর্তা - সদস্য • সহকারী প্রোগ্রামার - সদস্য • সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী - সদস্য • আইসিটি স্পেশালিস্ট - সদস্য • পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি - সদস্য • বান্দরবান পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য • খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য • রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য • হেলেন কেলার ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি - সদস্য	

		• মানুষের জন্য ফাউন্ডেশন এর প্রতিনিধি - সদস্য • কারিতাস বাংলাদেশ এর প্রতিনিধি - সদস্য • এফএও এর প্রতিনিধি - সদস্য • যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত সার্বিক কার্যক্রম বাস্তবায়ন; খ) উপ-কমিটি সমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সময়ে সময়ে সভা আহ্বানের মাধ্যমে অগ্রগতি পর্যালোচনা; গ) প্রয়োজনবোধে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন এবং ঘ) অন্যান্য বিবিধ কার্যক্রম।
		(২) পার্বত্য মেলার অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটিঃ • অতিরিক্ত সচিব (প্রশাসন) - সভাপতি • যুগ্মসচিব (পরিষদ) - সদস্য • উপসচিব (পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র) - সদস্য • উপসচিব (বাজেট/প্রশাসন-২) - সদস্য • উপসচিব (উন্নয়ন) - সদস্য • সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) - সদস্য • যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান আয়োজন; খ) অনুষ্ঠানস্থল ও তৎসংলগ্ন এলাকা সজ্জিতকরণ; গ) প্রয়োজনীয় সংখ্যক স্টল নির্মাণ, গেট নির্মাণ ও ব্যানার তৈরি এবং স্টল বরাদ্দের ব্যবস্থা করা; ঘ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র সংলগ্ন দেয়াল ও সড়ক বিভাজক এবং কেন্দ্র এর আশেপাশের সড়ক-এ ব্যানার, প্ল্যাকার্ড, পোষ্টার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে মেলা সংক্রান্ত তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণ করা; ঙ) মঞ্চ সজ্জা ও মঞ্চে ফুলের ব্যবস্থা করা; চ) মেলা প্রাঙ্গণ সজ্জিতকরণ, পরিচ্ছন্নতা নিশ্চিতকরণসহ অন্যান্য কাজ তদারকি; ছ) আলোকসজ্জার ব্যবস্থা করা; জ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং ঞ) অন্যান্য বিবিধ কার্যক্রম।
		৩) আমন্ত্রণপত্র তৈরি, আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা তৈরি ও বিতরণ এবং প্রচার উপকমিটিঃ • অতিরিক্ত সচিব (সমন্বয়) - সভাপতি • যুগ্মসচিব (সমন্বয়) - সদস্য • উপসচিব (পরিকল্পনা-১) - সদস্য • উপসচিব (পরিষদ-২) - সদস্য • জনসংযোগ কর্মকর্তা - সদস্য • সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-২) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা প্রস্তুত ও চূড়ান্তকরণ; খ) আমন্ত্রণপত্র তৈরি ও নথিতে এর অনুমোদন গ্রহণ; গ) ক্রমিক নম্বরসহ আমন্ত্রণপত্র মুদ্রণ, নাম ঠিকানাসহ খাম ছাপানো এবং প্রেরণ; ঘ) আমন্ত্রিত অতিথিবৃন্দের চূড়ান্ত তালিকা মোতাবেক আমন্ত্রণপত্র বিতরণের ব্যবস্থা করা; ঙ) আমন্ত্রণপত্র বিতরণের পর গুরুত্বপূর্ণ কোন পদে নতুন কেউ নিয়োগপ্রাপ্ত হলে নবনিযুক্ত ব্যক্তিকেও আমন্ত্রণ পাঠানো; চ) পার্বত্য মেলা আয়োজনের সংবাদ প্রচারের জন্য বিটিভিতে স্ক্রল আকারে প্রচার,

		এসএমএস প্রচারের জন্য বিটিআরসিতে পত্র প্রেরণ, মন্ত্রণালয়ের ফেসবুক পেজে প্রচারের ব্যবস্থা করা; ছ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং জ) অন্যান্য বিবিধ কার্যক্রম।
		(৪) সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটিঃ • অতিরিক্ত সচিব (উন্নয়ন) - সভাপতি • উপসচিব (পরিকল্পনা-২) - সদস্য • উপসচিব (পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র) - সদস্য • মুখ্য নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ - সদস্য • কারিতাস বাংলাদেশ এর প্রতিনিধি - সদস্য • পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র এর প্রতিনিধি - সদস্য • সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-২) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) ০৪ (চার) দিনব্যাপী মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে শিল্পী আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ বরাবর পত্র প্রেরণ; খ) তিন জেলার শিল্পী একত্রে না এনে সিডিউল অনুযায়ী শিল্পী ঢাকায় আনা, আবাসনের ব্যবস্থা করা; গ) এ সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনাসহ সকল ব্যয় তিন পার্বত্য জেলা পরিষদ নির্বাহ করার ব্যবস্থা গ্রহণ করবেন; ঘ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং ঙ) অন্যান্য বিবিধ কার্যক্রম।
		(৫) আপ্যায়ন উপকমিটিঃ • যুগ্মসচিব (প্রশাসন) - সভাপতি • যুগ্মসচিব (উন্নয়ন) - সদস্য • উপসচিব (পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র) - সদস্য • সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) - সদস্য • সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী - সদস্য • উপসচিব (বাজেট/প্রশাসন-২) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) পার্বত্য মেলার ভিআইপি অতিথিদের আসন ও আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। খ) উদ্বোধনী অনুষ্ঠানে ভিআইপিসহ উপস্থিত অতিথিদের আপ্যায়নের ব্যবস্থা করতে হবে। গ) ভিআইপিদের জন্য একটি স্থান নির্দিষ্ট করতে হবে। অন্যান্যদের জন্য মঞ্চের সুবিধাজনক স্থানে আপ্যায়নের ব্যবস্থা করা; ঘ) আপ্যায়নের মেনু নির্ধারণ ও অনুমোদন; ঙ) মেনু অনুযায়ী খাবার/স্ন্যাক সংগ্রহ; চ) মঞ্চে আপ্যায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক টেবিল/চেয়ারের ব্যবস্থা করা; ছ) অনুষ্ঠানে আগত অতিথিদের নিরাপত্তায় নিয়োজিত এবং অনুষ্ঠান সংশ্লিষ্ট অন্যান্য সহায়ক কর্মচারীদের অনুষ্ঠান স্থলে আপ্যায়নের পৃথক ব্যবস্থা করা; জ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং ঝ) অন্যান্য বিবিধ কার্যক্রম।

		(৬) বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা উপকমিটিঃ • অতিরিক্ত সচিব (প্রশাসন) - সভাপতি • উপসচিব (সমন্বয়-১) - সদস্য • উপসচিব (বা:/প্র:-২) - সদস্য • উপসচিব (উন্নয়ন) - সদস্য • সিনিয়র সহকারী সচিব (প্র:-১) - সদস্য • যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত বাজেট প্রস্তুতকরণ; খ) বাজেট বিভাজন অনুযায়ী আর্থিক ব্যবস্থাপনা; গ) অনুষ্ঠান শেষে ব্যয় সমন্বয়; ঘ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং ঙ) অন্যান্য বিবিধ কার্যক্রম।
		(৭) সার্টিফিকেট, ক্রেস্ট ক্রয় ও বিতরণ উপকমিটিঃ • অতিরিক্ত সচিব (সমন্বয়) - সভাপতি • যুগ্মসচিব (পরিষদ) - সদস্য • সহকারী সচিব (গবেষণা কর্মকর্তার দায়িত্বে) - সদস্য • এফএও এর প্রতিনিধি - সদস্য • সহকারী প্রোগ্রামার - সদস্য • উপসচিব (পরিকল্পনা-১) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) সার্টিফিকেট ও ক্রেস্ট ক্রয়; খ) অনুষ্ঠানস্থলে ক্রেস্ট ও সার্টিফিকেট সজ্জিতকরণ এবং বিতরণ; গ) ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ সংক্রান্ত আনুষাঙ্গিক কাজ; ঘ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন এবং ঙ) অন্যান্য বিবিধ কার্যক্রম।
		(৮) আইন শৃঙ্খলা রক্ষা উপকমিটিঃ • অতিরিক্ত সচিব (পরিষদ) - সভাপতি • যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য • উপসচিব (পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র) - সদস্য • উপসচিব (আইন) - সদস্য • ডিএমপির প্রতিনিধি - সদস্য • সিনিয়র সহকারী সচিব (প্র:-১) - সদস্য সচিব **কার্যপরিধিঃ** ক) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র ও তৎসংলগ্ন এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ; খ) নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ ফোর্স এবং নিরাপত্তার কাজে নিয়োজিত অন্যান্য সকল সদস্যের সাথে সার্বক্ষণিক যোগাযোগ নিশ্চিতকরণ; গ) ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃক নিয়োজিত ভলান্টিয়ার এর কাজ ও সিসিটিভি মনিটারিং এবং ঘ) উপকমিটির সভাপতি কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় অবশিষ্ট না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২৩/০১/২০২৪
(মো: মশিউর রহমান এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-২৯.০০.০০০০.২১৩.২৩.০৩১.২২-৩৪ তারিখ: ২৪/০১/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
২। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৬। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৭। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নির্বাহী পরিচালক, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
৯। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪। সহকারী সচিব (গবেষণা কর্মকর্তার দায়িত্বে), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৭। নির্বাহী পরিচালক ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২।
১৮। নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ি নং ৫৪৮,রোড নং-১০ বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
১৯। কান্ট্রি ডিরেক্টর, হেলেন কেলার ইন্টারন্যাশনাল বাংলাদেশ, বাড়ি নং-১০ই, সড়ক নং-৮২, গুলশান-২, ঢাকা।
২০। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, এসআইডি-সিএইচটি, আইডিবি ভবন (১৮ তলা) আগারগাঁও ঢাকা-১০০০।
২১। নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন, বাড়ি নং-২২, রোড নং-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা।
২২। নির্বাহী পরিচালক, কারিতাস, ২ আউটার সার্কুলার রোড, জিপিও বক্স নং-৯৯৯, শান্তিবাগ, ঢাকা-১২১৭।
২৩। FAO Representative in Bangladesh, Road No#18, House No.74, Block-j, Banani, Dhaka-1213.
২৪। ILO, Country Director in Bangladesh, IDB Bhaban, Dhaka.
২৫। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৬। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৭। আইটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২৬/০১/২০২৪ খ্রি:

(মো: আজিজুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৩১৪
sasadmin@mochta.gov.bd